

🗏 আয-যুমার | Az-Zumar | ٱلزُّمَر

আয়াতঃ ৩৯ : ৬৩

া আরবি মূল আয়াত:

لَهُ مَقَالِيدُ السَّمَوٰتِ وَ الأرضِ ال وَ الَّذِينَ كَفَرُوا بِإِيْتِ اللهِ أُولَئِكَ هُمُ الخُسِرُونَ ﴿٢٣﴾

আসমানসমূহ ও যমীনের চাবিসমূহ তাঁরই কাছে। আর যারা আল্লাহর আয়াতসমূহকে অস্বীকার করে তারাই ক্ষতিগ্রস্ত। — আল-বায়ান

আসমান আর যমীনের কুঞ্জি তাঁরই হাতে, আর যারা আল্লাহর নিদর্শনগুলোকে অস্বীকার করে, তারাই তো ক্ষতিগ্রস্ত। — তাইসিরুল

আকাশমন্ডলী ও পৃথিবীর চাবি তাঁরই নিকট। যারা আল্লাহর আয়াতকে অস্বীকার করে তারাই ক্ষতিগ্রস্ত। — মুজিবুর রহমান

To Him belong the keys of the heavens and the earth. And they who disbelieve in the verses of Allah - it is those who are the losers. — Sahih International

৬৩. আসমানসমূহ ও যমীনের চাবিসমূহ তাঁরই কাছে।(১) আর যারা আয়াতসমূহকে অস্বীকার করে তারাই ক্ষতিগ্রস্ত।

(১) চাবি কারও হাতে থাকা তার মালিক ও নিয়ন্ত্রক হওয়ার লক্ষণ। তাই আয়াতের মর্মার্থ দাঁড়ায় এই যে, আকাশে ও পৃথিবীতে লুকায়িত সকল ভাণ্ডারের চাবি আল্লাহর হাতে। তিনিই এগুলোর রক্ষক, তিনিই নিয়ন্ত্রক, যখন ইচ্ছা যাকে ইচ্ছা যে পরিমাণ ইচ্ছা দান করেন এবং যাকে ইচ্ছা দান করবেন আর যাকে ইচ্ছা দান করেন না।
[মুয়াস্সার, তাবারী]

তাফসীরে জাকারিয়া

- (৬৩) আকাশমন্ডলী ও পৃথিবীর চাবিসমূহ তাঁরই নিকট।[1] যারা আল্লাহর আয়াত (বাক্য)কে অস্বীকার করে, তারাই তো ক্ষতিগ্রস্ত।[2]
 - [1] مِقْلَادٌ হল, مِقْلَادٌ এবং مِقْلَادٌ এর বহুবচন। (ফাতহুল ক্লাদীর) কেউ এর অর্থ করেছেন, চাবিসমূহ। আবার কেউ এর অর্থ করেছেন, ধন-ভান্ডার। উভয় অর্থের উদ্দেশ্য একই। সমস্ত কার্যকলাপের চাবিকাঠি আল্লাহর হাতে।





[2] অর্থাৎ, পূর্ণরূপে ক্ষতিগ্রস্ত। কেননা, এই কুফরীর কারণে তারা জাহান্নামে যাবে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4121

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন